পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since 1986
বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা- ১২০৭।
ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmukall@padakhep.org, info@padakhep.org, web:www.padakhep.org

স্মারক নং/পদ/পক/এইচ আর এন্ড এডমিন/২০২০/৩১৪৩

তারিখঃ ০২/১১/২০২০ খ্রিঃ

অফিস স্মারক

বিষয়ঃ সুরক্ষা অনলাইন ইনসুরেন্স পোর্টাল ব্যবহার করে ভেহিক্যেল (মোটর সাইকেল সহ সকল প্রকার যানবাহন) ইন্সুরেন্স করা প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর আইনানুযায়ী ভেহিক্যেল (মোটর সাইকেল সহ সকল প্রকার যানবাহন) ইন্সুরেন্স বাধ্যতামূলক যা প্রতি বছর নবায়ন করতে হয়। বর্তমানে মাঠ পর্যায়ে প্রায় সকল স্টাফ মোটর সাইকেল ব্যবহার করছে। উক্ত মোটর সাইকেল এর বাৎসরিক ইন্সুরেন্স যাতে সহজে এবং স্বল্প সময়ের মধ্যে অফিসে বসে অন লাইনের মাধ্যমে করা যায় তার জন্য পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ Ezy Fintech Ltd এর সাথে একটি দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদন করেছে। চুক্তি অনুযায়ী অ্যাপস ভিত্তিক সুরক্ষা অনলাইন ইন্সুরেন্স পোর্টাল ব্যবহার করে সংস্থার সকল প্রকার ভেহিক্যেল এবং সংস্থায় কর্মরত সকল কর্মীবৃন্দ তাদের ব্যবহৃত ব্যক্তিগত মোটর সাইকেল সহ অন্যান্য সকল ভেহিক্যেল এর বার্ষিক ইন্সুরেন্স ইস্যু এবং নবায়ন করতে পারবে।

ক) সুবিধা সমূহঃ

- সুরক্ষা অনলাইন ইন্সুরেন্স পোর্টাল ব্যবহার করে অনলাইনে বাৎসরিক ভিত্তিতে নতুন ইন্সুরেন্স করা ও নবায়ন কারা যায়।
- অনলাইনে একটি মোটর সাইকেল/ যানবাহন ইন্সুরেন্স করতে মাত্র ২-৩ মিনিট সময় লাগে।
- অ্যাপস ব্যবহার করে ইন্সুরেন্স করলে তাৎক্ষনিক ডিজিটাল ইন্সুরেন্স এর কপি পাওয়া যাবে এবং এর মূল কপি সংস্থার প্রধান কার্যালয়ে কোন ডেলিভারী চার্জ ছাড়াই পাওয়া যাবে। অপরদিকে ৬০ টাকা ডেলিভারী চার্জ প্রদানের মাধ্যমে গ্রাহক নিজ ঠিকানায়ও মূলকপি পেতে পারেন।

খ) Ezy Fintech Ltd এর ইন্সুরেন্স পার্টনারঃ- সুরক্ষা অনলাইন ইনসুরেন্স পোর্টাল ব্যবহার করে নিম্ন লিখিত ৫টি ইন্সুরেন্স কোম্পানী থেকে (মোটর সাইকেল সহ সকল প্রকার যানবাহন) ইন্সুরেন্স সেবা গ্রহণ করা যাবে।

- সেন্ট্রাল ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড।
- গ্রীন ডেলটা ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড।
- প্যারামাউন্ট ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড।
- রুপালী ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড।
- সেনা কল্যাণ ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড।

গ) সুরক্ষা অনলাইন ইন্সুরেন্স পোর্টাল ব্যবহার ফি/মূল্যঃ- সুরক্ষা অনলাইন ইন্সুরেন্স পোর্টাল ব্যবহার করে বাৎসরিক ভিত্তিতে নতুন ইন্সুরেন্স করা কিংবা নবায়ন কারার জন্য শুধু মাত্র সরকার কর্তৃক নির্ধারিত ইন্সুরেন্স ফি ব্যতিত অন্যকোন ফি বা চার্জ নেই।

ঘ) ভেহিক্যেল (মোটর সাইকেল সহ সকল প্রকার যানবাহন) ইন্সুরেন্স করার পদ্ধতি ঃ- ভেহিক্যেল (মোটর সাইকেল সহ সকল প্রকার যানবাহন) ইন্সুরেন্স করার জন্য নিম্নে উল্লেখিত ৪টি পদ্ধতির যে কোন একটি ব্যবহার করে নতুন ইন্সুরেন্স করা কিংবা নবায়ন করা যাবে।

১. সুরক্ষা ওয়েবসাইট লিংক:www.surokkha.com.bd
২. সুরক্ষা অ্যাপ লিংক:https://lnkd.in/fNTv3Xk
৩. সুরক্ষা ফেসবুক লিংক:www.facebook.com/surokkha.ins
৪. সুরক্ষা হটলাইন নাম্বার: ০১৭০১২৬৭০০৪ **(প্রয়োজনীয় সকল প্রকার তথ্যর জন্য)**

পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since 1986
বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা- ১২০৭।
ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmukall@padakhep.org, info@padakhep.org, web:www.padakhep.org

ঙ) সুরক্ষাঅ্যাপ/ওয়েবসাইট ব্যবহার করে ভেহিক্যেল ইন্স্যুরেন্স করার ক্ষেত্রে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরন করে নতুন ইন্সুরেন্স করা বা নবায়ন কারা যাবেঃ-

সুরক্ষা অ্যাপ / ওয়েবসাইট এ যান ⇨ আপনার যানবাহনের ধরন অনুসারে ইন্সুরেন্স এর প্রকার নির্ধারন করুন ⇨ চাহিদাকৃত তথ্য দিন ⇨ ইন্সুরেন্স কোম্পানী ও মূল্য নির্ধারন

আপনার তথ্য দিয়ে রেজিস্ট্রেশন করুন ⇨ আপনার বিস্তারিত তথ্য দিন ⇨ মোবাইল / মেইল থেকে ওটিপি কোড বসান ⇨ পেমেন্ট অপশন নির্ধারন করুন এবং পেমেন্ট করুন, আপনার ডিজিটাল কপি নিন ও ২৪-৭২ ঘন্টার মধ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) আপনার প্রদত্ত ঠিকানায় মূলকপি পৌঁছে যাবে

চ) একই সাথে অনেক ভেহিক্যেল (মোটর সাইকেল সহ সকল প্রকার যানবাহন) এর ইন্সুরেন্স করার জন্য তথ্য প্রদান পদ্ধতিঃ-

ক্রঃ নং	ব্যবহারকারীর নাম	ব্যবহারকারীর ফোন নাম্বার:	ব্র্যান্ডের নাম	রেজিস্ট্রেশন নম্বর	ইঞ্জিন নম্বর	চেচিস নম্বর	পূর্ববর্তী ইন্সুরেন্স তৈরীর তারিখ	পূর্ববর্তী ইন্সুরেন্স এর মেয়াদ উত্তীর্ণের তারিখ

প্রিমিয়াম বা ইন্সুরেন্স এর টাকা পরিশোধ সিস্টেম ঃ-

- A/C Payee Cheeck এর মাধ্যমে পরিশোধ করা যাবে।
- ক্রেডিট কার্ড (VISA, mastercard, AMERICAN EXPRESS) এর মাধ্যমে পরিশোধ করা যাবে।
- মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ) এর মাধ্যমে পরিশোধ করা যাবে।
- নগদে পরিশোধ করা যাবে।

এমতাবস্থায় সংস্থার সকল অফিসিয়াল কিংবা ব্যক্তিগত ভেহিক্যেল (মোটর সাইকেল সহ সকল প্রকার যানবাহন) এর ইন্সুরেন্স করার ক্ষেত্রে **সুরক্ষা অনলাইন ইন্সুরেন্স পোর্টাল** ব্যবহার করাকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলের মাধ্যমে প্রেরিত)</u>

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং, প্রধান কার্যালয়।
২. সকল প্রোগ্রাম/বিভাগ/প্রকল্প/ইউনিট/সেল/ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৩. সকল জোনাল ম্যানেজার/জোনাল কো-অর্ডিনেটর/এরিয়া ম্যানেজার/এরিয়া কো-অর্ডিনেটর/ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য সকল অফিস প্রধান, পদক্ষেপ।
৪. ব্যবস্থাপক, আই.সি.টি বিভাগ, প্রধান কার্যালয় (সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)।
৫. সংস্থার সকল পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মী।
৬. অফিস কপি।